গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

# কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

**তারিখ: ২৪ এপ্রিল, ২০২০**
**১১ই বৈশাখ, ১৪২৭**
**২৯শে শাবান, ১৪৪১**

## স্বাস্থ্য অধিদপ্তরের আজকের স্বাস্থ্য বুলেটিন

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ দুপুর ২.৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত-মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা এর পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।

ব্রিফিং-এ অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা সকল সাংবাদিক, দেশবাসী, প্রবাসী, দপ্তর, অধিদপ্তর ও মন্ত্রণালয়কে আমাদের পাশে থাকার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আসন্ন রমজান উপলক্ষে ধর্ম মন্ত্রণালয়ের দেয়া নির্দেশনা মেনে চলার জন্য সকলকে অনুরোধ করেন। রমজানে এশার নামাজ ও তারাবির নামাজ ঈমাম, মোয়াজ্জেম, খাদেম ও হাফেজসহ সর্বোচ্চ ১২জন মসজিদে আদায়ের নির্দেশনাটি উল্লেখ করে সবাইকে বাসায় নামাজ আদায়ের জন্য বিনীত অনুরোধ করেন। ধর্ম মন্ত্রণালয়ের ইফতার মাহফিল সম্পর্কে আরেকটি নির্দেশনায় তিনি ইফতারের জন্য কোন রকম সামাজিক মাহফিল এর আয়োজন না করার জন্য অনুরোধ জানান।

অতঃপর তিনি দেশের কোভিড-১৯ পরিস্থিতি উপস্থাপন করেন। তিনি কোভিড-১৯ এ মৃত ব্যক্তিদের বয়স ও লিঙ্গভিত্তিক বিশ্লেষণ উপস্থাপন করেন। তিনি জানান, গত ২৪ ঘন্টায় ০৪ জন মৃত্যুবরণ করেছেন, মৃত ব্যক্তিরা সবাই পুরুষ এবং ঢাকার। মৃত সকলেরই বয়স ৫১-৬০ বছরের মধ্যে। গত ২৪ ঘণ্টায় আগের দিনের তুলনায় ৭.৯০% নমুনা পরীক্ষা বেশি হয়েছে। তাদের মধ্যে গত ২৪ ঘন্টায় সনাক্ত হয়েছে ৫০৩ জন এবং মোট আক্রান্ত ৪,৬৮৯ জন। তিনি ঘরে থাকা ও সামাজিক দূরত্ব মেনে চলা এবং বারবার ২০ সেকেন্ড ধরে সাবান পানি দিয়ে হাত ধোয়ার উপর গুরুত্ব আরোপ করেন ও সকলকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলার আহ্বান জানান। রমজানের স্বাস্থ্য বিধি এবং কোভিড-১৯ স্বাস্থ্য বিধি যেমন- রোজা শেষে ইফতারের পরে বেশি করে তরল খাবার গ্রহণ, গরম পানি, আদা-চা পান করা এবং গরম পানি গড় গড়া করা ইত্যাদি বিষয়ে পরামর্শ দেন যা স্বাস্থ্যকর। পরিশেষে আবারও রমজানের শুভেচ্ছা জানিয়ে তারাবীর ও ইশার নামাজ বাসায় আদায় করার জন্য সকলকে অনুরোধ জানান।

### বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী

| পরীক্ষাকৃত | | সনাক্ত | | মৃত্যু | | এপর্যন্ত সুস্থ | চিকিৎসাধীন |
|---|---|---|---|---|---|---|---|
| গত ২৪ ঘণ্টায় | এপর্যন্ত | গত ২৪ ঘণ্টায় | এপর্যন্ত | গত ২৪ ঘণ্টায় | এপর্যন্ত | ১১২ | ৪,৪৪৬ |
| ৩,৬৮৬ | ৩৯,৭৭৬ | ৫০৩ | ৪,৬৮৯ | ৪ | ১৩১ | | |

**নমুনা সংগ্রহ ও সম্পাদিত পরীক্ষার তথ্যাদিঃ**

| প্রতিষ্ঠান | কোভিড-১৯ পরীক্ষা | | |
|---|---|---|---|
| | নমুনা সংগ্রহ (২৪ ঘণ্টা) | পরীক্ষা (পূর্বের নমুনা সহ) (২৪ ঘণ্টা) | সর্বমোট |
| **ঢাকার ভিতরে মোট** | **২,৪৭৩** | **২,৫৬০** | **২৭,৫৮৮** |
| **ঢাকার বাইরে মোট** | **১,২৩৯** | **১,১২৬** | **১২,১৮৮** |
| **সর্বমোট** | **৩,৭১২** | **৩,৬৮৬** | **৩৯,৭৭৬** |

**লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য** (২৪-০৪-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

| সরঞ্জামের নাম | মোট সংগ্রহ | মোট বিতরণ | বর্তমান মজুদ |
|---|---|---|---|
| পিপিই (PPE) | ১৫,১৬,১৯০ | ১২,৪২,০০৮ | ২,৭৪,১০২ |

**কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য** (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

| স্থান | গত ২৪ ঘন্টায় (২৩ এপ্রিল সকাল ৮:০০ থেকে ২৪ এপ্রিল সকাল ৮:০০ ) | | এপর্যন্ত | | বর্তমানে মোট কোয়ারেন্টাইন |
|---|---|---|---|---|---|
| | কোয়ারেন্টাইন | ছাড় | কোয়ারেন্টাইন | ছাড় | |
| হোম কোয়ারেন্টাইন | ৩,১২৮ | ৪,৮৬৫ | ১,৬৩,৫৯১ | ৮৭,৩৭০ | ৭৬,২২১ |
| হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন | ৩৬৮ | ২৩০ | ৮,২৫৫ | ১,৭৪২ | ৬,৫১৩ |
| সর্বমোট | ৩,৪৯৬ | ৫,০৯৫ | ১,৭১,৮৪৬ | ৮৯,১১২ | ৮২,৭৩৪ |

- **সারাদেশে ৬৪ জেলার সকল উপজেলা ও জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তত করা হয়েছে- ৬০১ টি প্রতিষ্ঠান এবং এর মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সেবা প্রদান করা যাবে- ৩০,৬৩৫ জনকে।**

**প্রাতিষ্ঠানিক আইসোলেশন সম্পর্কিত তথ্য** (সূত্রঃ আইইডিসিআর)

| গত ২৪ ঘন্টায় আইসোলেশন ( ২৩ এপ্রিল দুপুর ১২:০০ থেকে ২৪ এপ্রিল দুপুর ১২:০০) | বর্তমানে আইসোলেশনে রয়েছেন |
|---|---|
| ১০৪ | ১০৯৯ |

**মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান** (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

| হটলাইন | গত ২৪ ঘন্টা | এপর্যন্ত সর্বমোট |
|---|---|---|
| ১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন) | ৫২,৬৮৯ | ২৩,১৫,০৭৭ |
| ৩৩৩ | ২২,২৬২ | ৭,৬৩,৪৯৮ |
| আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২) | ৩,২৬৭ | ১,৫৪,৪৬৮ |
| মোট ফোন কলের সংখ্যা | **৮৪,৫৯০** | **৩১,৫৮,০৯২** |

**স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (২৪-০৪-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ৩,৯৯৯।**

**বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য** (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

| **বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন** | গত ২৪ ঘন্টা | **এপর্যন্ত** সর্বমোট |
|---|---|---|
| আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ | ৫ | ৩,২৩,৭৮৫ |
| স্থলবন্দর সমূহ | ৮৮ | ৩,২৮,০৬৪ |
| সমুদ্রবন্দর সমূহ | ৭৩ | ১৪,৭৮৯ |
| ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন | ০০ | ৭,০২৯ |
| **মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা** | **১৬৬** | **৬,৭৩,৬৬৭** |

**স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণে তৈরিকৃত গাইডলাইনঃ**
এ পর্যন্ত ২৩টি গাইডলাইন এবং ১১টি জনসচেতনতামূলক উপকরণ (IEC / BCC) প্রস্তুত করা হয়েছে।
গাইডলাইনসমূহ পাওয়া যাবে স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইটেঃ www.dghs.gov.bd অথবা www.corona.gov.bd

**বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা – Situation Report 94, April 23)**

| | গত ২৪ ঘন্টা | | এপর্যন্ত সর্বমোট | |
|---|---|---|---|---|
| | সনাক্ত | মৃত্যু | সনাক্ত | মৃত্যু |
| দক্ষিণ-পূর্ব এশিয়া | **২,১২৭** | **৭১** | **৩৬,০৩৯** | **১,৪৯৮** |
| সারা বিশ্ব | **৭৩,৬৫৭** | **৬,৬৮৯** | **২৫,৪৪,৭৯২** | **১,৭৫,৬৯৪** |

24/04/2020

**অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা**
**অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)**
**স্বাস্থ্য অধিদপ্তর**